

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

পরিকল্পনা শাখা

বিষয়: বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্পের Project Steering Committee (PSC) সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু হেনা মোঃ রহমাতুল মুনিম সিনিয়র সচিব
সভার তারিখ	২২-০৬-২০২৩
সভার সময়	১০:১৫ ঘটিকা
স্থান	অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত করা হলো:

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে এ বিভাগের যুগ্ম সচিব (পরিকল্পনা) সভায় প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন। এডিপিভুক্ত প্রকল্পটির উপর বিস্তারিত আলোচনায় প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি, প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা, বিগত সভার সিদ্ধান্তসমূহের অগ্রগতি সভাকে অবহিত করার জন্য প্রকল্প পরিচালক-কে অনুরোধ করা হয়:

০২। প্রকল্প পরিচালক নিম্নোভাবে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সভাকে অবহিত করেন: প্রকল্পের গুরুত্বপূর্ণ ক্রয় প্যাকেজসমূহের মধ্যে এসডি-২ (রিভিউ এন্ড রিডিজাইন বন্ড এডমিন কনসাল্টিং ফার্ম), এসডি-৫ [আইটি সিস্টেম (সফটওয়্যার)], জিডি-৩ (ফাইল আর্কাইভিং এবং ডকুমেন্ট ব্যবস্থাপনা) এবং জিডি-৬ (আইটি ইনফ্রাস্ট্রাকচার)-এর প্রকিউরমেন্ট কার্যক্রম ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। উল্লিখিত ক্রয় প্যাকেজসমূহের মধ্যে এসডি-২ (রিভিউ এন্ড রিডিজাইন বন্ড এডমিন কনসাল্টিং ফার্ম), এসডি-৫ [আইটি সিস্টেম (সফটওয়্যার)] ও জিডি-৩ (ফাইল আর্কাইভিং এবং ডকুমেন্ট ব্যবস্থাপনা)-এর কার্যক্রম চলমান রয়েছে এবং জিডি-৬ (আইটি ইনফ্রাস্ট্রাকচার)-এর আওতায় আইটি ইনফ্রাস্ট্রাকচার ক্রয়পূর্বক ইতোমধ্যে সংশ্লিষ্ট দপ্তরসমূহে স্থাপন করা হয়েছে। উল্লেখ্য যে, জিডি-৩ (ফাইল আর্কাইভিং এবং ডকুমেন্ট ব্যবস্থাপনা)-এর আওতায় নিয়োগপ্রাপ্ত ভেন্ডর প্রতিষ্ঠান কর্তৃক ফাইল আর্কাইভিং এবং ডকুমেন্ট ব্যবস্থাপনার কার্যক্রম প্রায় শেষ পর্যায়ে রয়েছে। আরও উল্লেখ্য যে, প্রকল্পের সর্বাধিক গুরুত্বপূর্ণ ক্রয় প্যাকেজ হলো “এসডি-৫ [আইটি সিস্টেম (সফটওয়্যার)]”। এই ক্রয় প্যাকেজটির আওতায় বিদ্যমান কাস্টমস বন্ড ব্যবস্থাপনাকে স্বয়ংক্রিয়করণের নিমিত্তে Customs Bond Management System (CBMS) নামীয় ওয়েব-বেজড অটোমেশন সফটওয়্যার প্রস্তুত করা হচ্ছে। CBMS সফটওয়্যারের বন্ড লাইসেন্স অ্যাপ্লিকেশন মডিউল গত ০৭/০৮/২০২২ খ্রি. তারিখে উদ্বোধন করা হয়েছে এবং গত ০১/০৯/২০২২ খ্রি. তারিখে উক্ত মডিউলটি Go Live করা হয়েছে। বর্তমানে উক্ত মডিউলের মাধ্যমে বন্ড লাইসেন্সের আবেদন অনলাইনে দাখিল করা হচ্ছে। উল্লিখিত সফটওয়্যারের ২৪ (চব্বিশ) টি মডিউলের মধ্যে বন্ড লাইসেন্স অ্যাপ্লিকেশন মডিউলসহ ৩ (তিন) টি মডিউল ডেভেলপমেন্ট শেষে ইতোমধ্যে Go Live করা হয়েছে। এছাড়াও, ১৮ (আঠারো) টি মডিউল ডেভেলপমেন্ট শেষে পাইলটিংয়ের কার্যক্রম চলমান রয়েছে এবং অবশিষ্ট ৩ (তিন) টি মডিউলের ডেভেলপমেন্ট শেষ পর্যায়ে রয়েছে বন্ড ব্যবস্থাপনা যথাযথভাবে পরিচালনার জন্য গুরুত্বপূর্ণ অংশীজনদের অনলাইন সিস্টেমের সাথে CBMS সফটওয়্যারের ইন্টিগ্রেশন করা হচ্ছে। ইতোমধ্যে গুরুত্বপূর্ণ ৭ (সাত) টি দপ্তরের অনলাইন সিস্টেমের সাথে ইন্টিগ্রেশন সম্পন্ন হয়েছে এবং ৫ (পাঁচ) টি দপ্তরের অনলাইন সিস্টেমের সাথে ইন্টিগ্রেশনের কার্যক্রম চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করেন।

০৩। প্রকল্পের অগ্রগতি:

(লক্ষ টাকায়)

ক্রমিক	অর্থবছর	এডিপি/আরএডিপি অনুযায়ী	অগ্রগতি	অগ্রগতির হার
--------	---------	------------------------	---------	--------------

১	২০১৭-২০১৮	২১৯৮.০০	২৭.০৯	১.২৩
২	২০১৮-২০১৯	২৯৪.০০	২১৭.৯০	৭৪.১২
৩	২০১৯-২০২০	১১০৮.০০	২৪৯.৬৮	২২.৫৩
৪	২০২০-২০২১	১৫৪.০০	১৩০.৭৮	৮৪.৯২
৫	২০২১-২০২২	১২৬৩.৯৯	৮২৬.৬৬	৬৫.৪০
৬	২০২২-২০২৩	৭৮৫.০০	১০০.৭৪	১২.৮৩
ক্রমপুঞ্জিত অগ্রগতি ও অনুমোদিত প্রকল্প ব্যয়ের তুলনায় অগ্রগতির হার			১৫৫২.৮৫	১৬.৬৯

০৪। প্রকল্পের অবশিষ্ট কার্যক্রমের সময়াবদ্ধ পরিকল্পনা:

কাজের বিবরণ	সম্পাদনের সম্ভাব্য সময়	সম্ভাব্য সম্পাদনের তারিখ
Requirement Analysis & Design	৩ (তিন) মাস	ইতোমধ্যে সম্পন্ন হয়েছে
Module-based development, UAT Completion	১ (এক) বছর ৩ মাস	৩০/১১/২০২৩ খ্রি.
Piloting	২ (দুই) মাস	৩১/০১/২০২৪ খ্রি.
Stakeholder Awareness Program and Release	২ (দুই) মাস	২৮/০২/২০২৪ খ্রি.
সকল বিল পরিশোধ	১ (এক) মাস	৩১/০৩/২০২৪ খ্রি.
সার্বিক প্রতিবেদন প্রস্তুত	২ (দুই) মাস	৩১/০৫/২০২৪ খ্রি.
জাতীয় রাজস্ব বোর্ডের নিকট হস্তান্তর	১ (এক) মাস	৩০/০৬/২০২৪ খ্রি.


এ বিভাগের যুগ্মসচিব পরিকল্পনা সভাকে জানান যে, উক্ত প্রকল্পের অনুকূলে ২০২২-২৩ অর্থ বছরের সংশোধিত বাজেটে ৭.৮৫ (সাত কোটি পঁচাল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ রয়েছে।

এ বিভাগের সিনিয়র সচিব মহোদয় সভাকে অবহিত করেন যে, প্রতিটি প্রকল্পের বরাদ্দ চাহিদার ক্ষেত্রে অর্থবছরের শুরুতে ক্রয় পরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং উক্ত ক্রয় পরিকল্পনা অনুযায়ী যে পরিমাণ অর্থ ব্যয় করতে পারবে, সেই পরিমাণ বাজেট বরাদ্দ প্রদানের জন্য চাহিদা প্রেরণ করতে হবে। যাতে করে উক্ত প্রকল্পের অর্থনৈতিক অগ্রগতির সাথে বাস্তবায়ন অগ্রগতির সামঞ্জস্য থাকে। তিনি আরও জানান যে, ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ব্যয় করতে অপারগ হলে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক-কে সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করতে হবে।

০৫। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নকারী সংস্থা
সিদ্ধান্ত-১: প্রকল্পের ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির জন্য বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে সাথে যোগাযোগ রক্ষা করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক
সিদ্ধান্ত- ২: উক্ত প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থ কেন ব্যয় করা হয়নি সে বিষয়ে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করতে হবে।	জাতীয় রাজস্ব বোর্ড ও প্রকল্প পরিচালক

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৪/০৭/২০২৩

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব


স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৯.০৬.০০১.২০.১৫৪

তারিখ: ২০ আষাঢ়.১৪৩০

০৪ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৩) সদস্য, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৪) যুগ্মসচিব, পরিকল্পনা শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ৫) সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৬) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
- ৭) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ, পরিকল্পনা কমিশন
- ৮) সদস্য (অতিরিক্ত দায়িত্ব), শুল্ক ও ভ্যাট প্রশাসন, জাতীয় রাজস্ব বোর্ড
- ৯) যুগ্মসচিব, পরিকল্পনা শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ১০) যুগ্মপ্রধান, এনইসি-একনেক ও সমন্বয় অনুবিভাগ, পরিকল্পনা বিভাগ
- ১১) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
- ১২) প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প
- ১৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ


৪/৭/২৩

কানাই লাল শীল

সিনিয়র সহকারী সচিব